

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন শাখা

শিক্ষা নিয়ে গড়ব
দেশ, শেখ হাসিনার
বাংলাদেশ

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	এ.বি.এম জাকির হোসাইন ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৬ ডিসেম্বর ২০১৮ বুধবার
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিয়মিত সভা করা প্রয়োজন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ২৬/১২/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

২। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট অফিসে বিভিন্ন দাপ্তরিক কার্যসম্পাদনের লক্ষ্যে একটি লিগ্যাল সাইজের স্ক্যানার ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট অফিসে বিভিন্ন দাপ্তরিক কার্যসম্পাদনের লক্ষ্যে একটি লিগ্যাল সাইজের স্ক্যানার ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন শাখা
২.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-নথি সিস্টেম কার্যক্রম বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত আলোচনা।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-নথি সিস্টেম কার্যক্রমে অগ্রগতি পর্যালোচনা করে দেখা যায় যে, ট্রাস্টের প্রশাসন শাখা হতে সবচেয়ে বেশি সংখ্যক ই-নথিতে পত্র জারী ও নোটে ডাক নিষ্পন্ন হয়েছে। একারণে ট্রাস্টের প্রশাসন শাখাকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	ব্যবস্থাপনা পরিচালক

৩.	ট্রাস্টের স্নাতক পাস ও সমমান পর্যায়ে উপবৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে আলোচনা করা হয়।	ট্রাস্টের স্নাতক পাস ও সমমান পর্যায়ে উপবৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে আগামী ০২/০১/২০১৯ তারিখের মধ্যে একটি সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
৪.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা ই.এফ.টি তে করার বিষয়ে আলোচনা করা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা ই.এফ.টি তে করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
৫.	ট্রাস্টের সিটিজেন চার্টার হালনাগাদ করণের বিষয়ে আলোচনা হয়।	ট্রাস্টের সিটিজেন চার্টার হালনাগাদ করণের জন্য আগামী ০৩/০১/২০১৮ তারিখের মধ্যে একটি সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৬.	ট্রাস্টের প্রশিক্ষণ খাতে বাজেটের বিষয়ে আলোচনা হয়।	ট্রাস্টের প্রশিক্ষণ খাতে বাজেট বৃদ্ধি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)

অতঃপর, সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ.বি.এম জাকির হোসাইন
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৪

তারিখ: ১৯ পৌষ ১৪২৫
০২ জানুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৩) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৪) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

- ৫) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৬) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৭) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৮) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১০) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১৩) ডাটা এন্ট্রি অপারেটর, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

Ajahan

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক